



# বোয়ালমারী পৌরসভা কার্যালয়

জেলাঃ ফরিদপুর-৭৮৬০

ফোন : ০২৪৭৮৮০৬৩২৭, E-mail : mayor\_bm@ymail.com



**\*ডেঙ্গু মুক্ত দেশ চাই, পরিষ্কার পরিচ্ছন্নতার বিকল্প নাই\***

## পরিচিতি :

ডেঙ্গু মশা বাহিত একটি সংক্রামক রোগ। আমাদের দেশে বিভিন্ন এলাকায় সাধারণতঃ এপ্রিল থেকে অক্টোবর পর্যন্ত বিকিণ্ডভাবে এ রোগের প্রভাব দেখা যায়। যে কোন বয়সের মানুষ এ রোগে আক্রান্ত হতে পারে। এডিস জাতীয় মশার কামড়েই ডেঙ্গু জ্বর হয়। প্রাথমিকভাবে শনাক্ত হলে এ রোগে সহজেই নিয়ন্ত্রণ করা যায় এবং চিকিৎসায় সেরে যায়। কিন্তু মারাত্মক হেমোরাজিক হলে এবং যথাযথ চিকিৎসা না হলে রোগীর মৃত্যু হতে পারে।



## এডিস মশা চেনার উপায় :

এডিস মশা দেখতে অনেকটা কিউলেব্র মশার মত তবে গায়েডোরা কাটা দাগ আছে। এ মশা ষাচ্ছ পানিতে থাকতে পছন্দ করে। ফুলের টব, ভাঙ্গা হাড়ি-পাতিল, কলস, গাড়ীর পরিত্যক্ত টায়ার, কোটা, নারিকেল বা ডাবের খোসা ইত্যাদি যেখানে ষাচ্ছ পানি থাকে সেখানে এডিস মশা বংশ বৃদ্ধি করে। এডিস মশা আলো আঁধারিতে (সকাল-সন্ধ্যা) কামড়ায়।

## ডেঙ্গু জ্বরের লক্ষণ :

- \* শরীরে তাপমাত্রা হঠাৎ করে ১০৪ থেকে ১০৫ ডিগ্রী বৃদ্ধি পায়।
- \* মাথা ব্যথা, মাংসপেশী, চোখের পেছনে পেটে ব্যথা এবং হাড়ে বিশেষ করে মেরুদণ্ডে ব্যথা।
- \* অরুচি, বমি বমি ভাব ও বমি করা।
- \* চামড়ার নিচে রক্তক্ষরণ, চোখে রক্ত জমাট বাঁধা।
- \* লালচে/কালো রঙের পায়খানা, দাঁতের মাড়ি, নাক, মুখ ও পায়খানার রাস্তা দিয়ে রক্তপাত।
- \* রক্তচাপ হ্রাস, নাড়ীর গতি দ্রুত হওয়া, হটফট করা, শরীর ঠান্ডা হয়ে যাওয়া, শ্বাসকষ্ট বা অজ্ঞান হয়ে পড়া।
- \* শরীরে হামের মত দানা দেখা দিতে পারে।
- \* মারাত্মক (হেমোরাজিক) ডেঙ্গুজ্বরের ক্ষেত্রে শরীরের অন্তর্স্থিত বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ হতে রক্তক্ষরণ এবং পেটেও ফুসফুসে পানি জমতে পারে।



মাথা ব্যথা      বমি বমি ভাব      বমি হওয়া



তীব্র জ্বর      হাড়ে ব্যথা

## ডেঙ্গুজ্বর হলে কি করবেন :

- \* ডেঙ্গু জ্বর হলে দেরি না করে নিকটস্থ স্বাস্থ্যকর্মীকে খবর দিবেন বা ডাক্তারের পরামর্শ গ্রহণ করবেন।
- \* জ্বর যাতে না বাড়ে সেজন্য প্যারাসিটামল জাতীয় ঔষধ ডাক্তারের পরামর্শক্রমে খেতে পারেন।
- \* রোগীর মাথায় পানি দিন বা ভিজা কাপড় দিয়ে তা মুছে দিন।
- \* রোগীতে প্রচুর পরিমাণ তরল ও স্বাভাবিক খাবার খেতে দিন।
- \* রোগ বৃদ্ধি পেলে রোগীকে নিকটস্থ হাসপাতালে নিন।

## ডেঙ্গু প্রতিরোধের উপায় :

- \* ফুলের টব, প্রাণ্টিকের পাত্র, ভাঙ্গা হাড়ি-পাতিল, টিনের কোটা, গাড়ীর পরিত্যক্ত টায়ার, ভাঙ্গা কলস, ড্রাম, নারিকেল ও ডাবের খোসা, ফাস্টফুডের কন্টেইনার, এয়ারকন্ডিশনার ও রেফ্রিজারেটরের তলায় পানি জমতে দেবেন না।
- \* যে সব স্থানে মশা জন্মায় সেই সব স্থানে পানি জমতে দিবেন না, বাড়ীর ভেতর, ভবনের ছাদ, আশ-পাশ ও আঙ্গিনা পরিষ্কার রাখুন।
- \* দিনে অথবা রাতে ঘুমোনের সময় মশারী ব্যবহার করুন।



পরিবেশ রাখি পরিষ্কার, বন্ধ করি মশার বিস্তার

**প্রচারে : মোঃ সেলিম রেজা, মেয়র, বোয়ালমারী পৌরসভা।**